

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১৪৩.২০১৫- ৪৪২

তারিখ : ২৬ মার্চ, ২০১৬

বিষয় : যশোর জেলার বিকরগাছা উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ সংস্কার।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা, যশোর-এর স্মারক নং-০৫.৩০৯.৫৬১.০০৬.০০৫.০০১.২০১৫-৬৪(০৪);
তারিখ : ২২ জানুয়ারি, ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে যশোর জেলার বিকরগাছা উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামতের লক্ষ্যে ব্যয় ভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হলে তা পরিষদ সভায় উপস্থাপন করে ব্যয় নির্বাহের সুপারিশ গ্রহণপূর্বক নিম্নরূপ তথ্যাদিসহ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান-এর ব্যবহারের অফিস কক্ষটি বিগত ০৫(পাঁচ) বছরে রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল হতে সংস্কার করা হয়েছে কিনা? হয়ে থাকলে বিস্তারিত প্রতিবেদন প্রেরণ (প্রমাণকসহ);
- (খ) সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কর্তৃক যাচাইকৃত প্রাক্কলন এবং সুস্পষ্ট মতামতসহ কারিগরি প্রতিবেদন প্রেরণ;
- (গ) পরিষদ সভায় অনুমোদিত প্রাক্কলন প্রেরণ;
- (ঘ) ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে উক্ত কক্ষটি মেরামতের লক্ষ্যে অর্থের সংস্থান রাখা হয়েছে কিনা? বাজেটের কপি প্রেরণ;
- (ঙ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর ৫(ক) অনুচ্ছেদে বাৎসরিক নির্ধারিত ০৭(সাত) লক্ষ টাকা দ্বারা কি কি পূর্ত কাজ করা হয়েছে? সেসম্পর্কিত একটি বিস্তারিত প্রতিবেদন প্রেরণ; এবং
- (চ) রাজস্ব তহবিলের হালনাগাদ স্থিতি (ব্যাংক বিবরণীসহ);

J.M.
26/03/2016
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
বিকরগাছা, যশোর।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।